দৈনিক ইনকিলাব

৫/৭/২০০১
তারিখ ... কলাম ...
পৃষ্ঠা ...

ইনকিলাব ঃ মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের উদ্যোগে গতকাল জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য রাখেন মাওলানা দেলাওয়ার হোসাইন সাঈদী

মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে সুদূরপ্রসারী চক্রান্ত প্রতিহত করতে হবে

–দেলাওয়ার হোসাইন সাঈদী

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের জাতীয় প্রতিনিধি সম্মেলনে মাওলানা দেলাওয়ার হোসাইন সাঈদী বলেছেন, মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে সুদূরপ্রসারী চক্রান্ত শুরু হয়েছে। এ চক্রান্তের বিরুদ্ধে দেশের সকল আলেম-ওলামা ও ইসলামপ্রিয় জনতাকে রুখে দাঁড়াতে হবে। পরিষদের সভাপতি জনাব মহিউদ্দিন গাজীর সভাপতিত্বে গতকাল বুধবার সকালে জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে অনুষ্ঠিত সম্মেলনে তিনি প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। সম্মেলনে বক্তব্য রাখেন শিবির সেক্রেটারী জেনারেল জনাব নজরুল ইসলাম, পরিষদের সাবেক সভাপতি কেএম আবদুস সোবহান ও মাওলানা রফিকুল ইসলাম সাঈদী প্রমুখ। সম্মেলনে মাওলানা সাঈদী বলেন, বাংলাদেশ থেকে মাদ্রাসা শিক্ষার মূলোৎপাটনের সুদূরপ্রসারী চক্রান্তের অংশ হিসেবে বিভিন্ন স্থানে নীলনকশার বোমা হামলার দায়ভার মাদ্রাসা ছাত্র-শিক্ষকদের ওপর চাপিয়ে দেয়া হচ্ছে। অথচ আজ অবধি এ ধরনের কোন ঘটনার প্রমাণ পাওয়া যায়নি। দাবী থাকা সত্ত্বেও এসব ঘটনার বিচার বিভাগীয় তদন্তও হয়নি। সম্মেলনে তিনি ঢাকায় একটি পূর্ণাঙ্গ ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি শরীয়া ফ্যাকাল্টি চালুর জোর দাবী জানান।